পদার্থের অণুতে পরমাণুগুলো বিক্ষিপ্তভাবে থাকে না, বরং রাসায়নিক বন্ধনে আবদ্ধ হয়ে অত্যন্ত সুবিন্যস্তভাবে থাকে।

2. B The chapter focuses on compounds made of ionic bonds, covalent bonds and metallic bonds.
এ অধ্যায়ে আয়নিক বন্ধন, সমযোজী বন্ধন ও ধাতব বন্ধনে গঠিত যৌগ, এদের বন্ধন গঠন প্রক্রিয়া ও ধর্ম আলোচনা করা হয়েছে।

3. B The force of attraction that binds two atoms in a molecule is called a chemical bond.
যে আকর্ষণ শক্তির মাধ্যমে অণুতে দুটি পরমাণু পরস্পর যুক্ত থাকে, তাকে রাসায়নিক বন্ধন বলে।

4. C The electrons in the outermost principal energy level are the valence electrons. Oxygen has 6 of them (and potassium has 1).
কোনো মৌলের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ কক্ষপথে যত ইলেকট্রন থাকে, তার সংখ্যাকে যোজ্যতা ইলেকট্রন সংখ্যা বলা হয়। অক্সিজেনের যোজ্যতা ইলেকট্রন ৬টি (আর পটাশিয়ামের ১টি)।

5. C The number of total electrons in the outermost principal energy level of an element is called the valence electrons of that element.
কোনো মৌলের সবচেয়ে বাইরের প্রধান শক্তিস্তরের মোট ইলেকট্রন সংখ্যাকে ওই মৌলের যোজ্যতা ইলেকট্রন বলে।

6. B Usually the valency of hydrogen is taken to be 1. The valency of an element is determined by the number of H atoms or Cl atoms that can bond with one of its atoms.
সাধারণত সব সময় হাইড্রোজেনের যোজনী এক (১) ধরা হয়। কোনো মৌলের একটি পরমাণু যতগুলো H বা Cl পরমাণুর সাথে যুক্ত হতে পারে সেই সংখ্যাই ওই মৌলের যোজনী।

7. D The capacity of bonding of an atom with another atom of an element while forming a molecule is called valency.
অণু গঠনকালে কোনো মৌলের একটি পরমাণুর সাথে অপর একটি মৌলের পরমাণু যুক্ত হওয়ার ক্ষমতাকে যোজনী বা যোজ্যতা বলা হয়।

8. B When atoms or ions of multiple elements combine, they form a cluster of atoms carrying a positive or negative charge and acting as an ion of an element. They are called radicals.
একাধিক মৌলের পরমাণু বা আয়ন পরস্পরের সাথে যুক্ত হয়ে ধনাত্মক বা ঋণাত্মক আধানবিশিষ্ট এমন পরমাণুগুচ্ছ গঠন করে যা একটি মৌলের আয়নের মতো আচরণ করে। এদের যৌগমূলক বলা হয়।

9. C Sulfate is SO_4^{2-} with a valency of 2. SO_3^{2-} is sulfite and HSO_4^- is hydrogen sulfate.
সালফেট হলো SO_4^{2-}, যার যোজনী ২। SO_3^{2-} হলো সালফাইট এবং HSO_4^- হলো হাইড্রোজেন সালফেট।

10. B The number of charges on a radical is its valency. Ammonium carries +1, so its valency is 1.
যৌগমূলকের আধান সংখ্যাই এদের যোজনী নির্দেশ করে। অ্যামোনিয়ামের আধান +১, তাই এর যোজনী ১।

11. C The number of atoms in an element's molecule is written in English numerals as a small subscript to the lower right of the element's symbol.
কোনো মৌলের একটি অণুতে যতগুলো পরমাণু থাকে, তার সংখ্যাটি ইংরেজি হরফে মৌলটির প্রতীকের ডান পাশে নিচে ছোট করে লিখতে হয়।

12. D Some elements do not form any molecule, for example all metals, and they are expressed through their symbols only. Iron is written as Fe. Inert gases are the same, such as He.
কিছু মৌল কোনো অণু গঠন করে না, যেমন সকল ধাতু। এদের শুধু প্রতীক দিয়ে প্রকাশ করা হয়; আয়রনকে Fe লেখা হয়। নিষ্ক্রিয় গ্যাসও তাই, যেমন He।

13. D The formula expressing a molecule through the symbols and bonds of atoms, otherwise known as the organization of atoms, is called the structural formula.
একটি অণুতে মৌলের পরমাণুগুলো যেভাবে সাজানো থাকে, প্রতীক এবং বন্ধনের মাধ্যমে তা প্রকাশ করাকে গাঠনিক সংকেত বলে।

14. C According to the octet rule, atoms form compounds by achieving 8 electrons in their outermost shell, like the inert gases. Light atoms such as hydrogen follow the duet rule instead, with 2 electrons.
অষ্টক নিয়ম অনুসারে পরমাণুগুলো সর্বশেষ শক্তিস্তরে ৮টি ইলেকট্রন অর্জন করে নিষ্ক্রিয় গ্যাসের মতো ইলেকট্রন বিন্যাস লাভ করে এবং যৌগ গঠন করে। হাইড্রোজেনের মতো হালকা পরমাণু দুই-এর নিয়ম অনুসরণ করে, অর্থাৎ ২টি ইলেকট্রন অর্জন করে।

15. A An ion with a positive charge is called a cation. Lithium forms the cation Li^+ with a helium-like configuration.
ধনাত্মক আধানবিশিষ্ট আয়নকে ক্যাটায়ন বলে। লিথিয়াম একটি ইলেকট্রন ত্যাগ করে হিলিয়ামের মতো ইলেকট্রন বিন্যাস লাভ করে এবং ক্যাটায়ন Li^+ গঠন করে।

16. D The attraction between the oppositely charged ions formed by the transfer of electrons is the ionic bond, and a compound with it is an ionic compound.
বিপরীত আধানের ক্যাটায়ন ও অ্যানায়নের মধ্যে স্থির বৈদ্যুতিক আকর্ষণ বলই আয়নিক বন্ধন বা তড়িৎযোজী বন্ধন। আয়নিক বন্ধনযুক্ত যৌগকে আয়নিক যৌগ বলে।

---

17. A In each covalent bonding, two electrons participate. The bond is denoted by a line and the electrons by dots or crosses.
প্রতিটি সমযোজী বন্ধনে দুটি ইলেকট্রন অংশগ্রহণ করে। বন্ধনকে একটি রেখা (-) দিয়ে এবং ইলেকট্রনকে ডট (.) বা ক্রস (x) চিহ্ন দিয়ে প্রকাশ করা হয়।

---

18. B A bond formed by sharing a pair of electrons between two atoms is a covalent bond, and compounds with covalent bonds are called covalent compounds.
দুটি পরমাণু এক জোড়া ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন গঠন করে, তাকে সমযোজী বন্ধন বলে। সমযোজী বন্ধনযুক্ত যৌগকে সমযোজী যৌগ বলে।

---

19. C When two metallic elements come close together, a metallic bond is created. The attraction force that keeps the atoms in a piece of metal interconnected is called the metallic bond.
দুটি ধাতব পরমাণু কাছাকাছি এলে তাদের মধ্যে যে বন্ধন গঠিত হয় সেটাকে ধাতব বন্ধন বলে। অর্থাৎ এক খণ্ড ধাতুর মধ্যে পরমাণুসমূহ যে আকর্ষণের মাধ্যমে যুক্ত থাকে তাকেই ধাতব বন্ধন বলে।

---

20. A The L orbit is the outermost energy level of nitrogen, and it holds 5 electrons, so nitrogen has five valence electrons.
L কক্ষপথই নাইট্রোজেনের সবচেয়ে বাইরের শক্তিস্তর এবং এতে ৫টি ইলেকট্রন আছে, তাই নাইট্রোজেনের যোজ্যতা ইলেকট্রন ৫টি।

---

21. A Calcium has 2, 8, 8 and 2 electrons in the K, L, M and N orbits. The N orbit is outermost, so calcium has 2 valence electrons.
ক্যালসিয়ামের K, L, M ও N কক্ষপথে যথাক্রমে ২, ৮, ৮ ও ২টি ইলেকট্রন আছে। N কক্ষপথ সবচেয়ে বাইরে, তাই এর যোজ্যতা ইলেকট্রন ২টি।

---

22. A Phosphorus has 2, 8 and 5 electrons in the K, L and M orbits, so it has 5 valence electrons.
ফসফরাসের K, L ও M কক্ষপথে যথাক্রমে ২, ৮ ও ৫টি ইলেকট্রন আছে, তাই এর যোজ্যতা ইলেকট্রন ৫টি।

23. A Chlorine has 2, 8 and 7 electrons in the K, L and M orbits. The M orbit is outermost, so chlorine has 7 valence electrons.
ক্লোরিনের K, L ও M কক্ষপথে যথাক্রমে ২, ৮ ও ৭টি ইলেকট্রন আছে। M কক্ষপথ সবচেয়ে বাইরে, তাই ক্লোরিনের যোজ্যতা ইলেকট্রন ৭টি।

24. A An element that shows more than one valency has variable valency. Iron has valencies 2 and 3, as in $FeCl_2$ and $FeCl_3$.
যেসব মৌলের একাধিক যোজনী থাকে, তাদের পরিবর্তনশীল যোজনী বলে। আয়রনের যোজনী ২ ও ৩, যেমন $FeCl_2$ ও $FeCl_3$ যৌগে।

25. A Valency is determined by the number of hydrogen atoms that bond with one atom of the element. Oxygen bonds with 2 hydrogen atoms, so its valency is 2.
কোনো মৌলের একটি পরমাণু যতগুলো হাইড্রোজেন পরমাণুর সাথে যুক্ত হয় সেটিই তার যোজনী। অক্সিজেন ২টি হাইড্রোজেন পরমাণুর সাথে যুক্ত হয়, তাই এর যোজনী ২।

26. A The number of oxygen atoms bonded with an atom multiplied by 2 gives the valency. For calcium it is $1 \times 2 = 2$.
কোনো পরমাণুর সাথে যুক্ত অক্সিজেন পরমাণুর সংখ্যাকে ২ দিয়ে গুণ করলে ওই পরমাণুর যোজনী পাওয়া যায়। ক্যালসিয়ামের ক্ষেত্রে ১ × ২ = ২।

27. A Since one sodium atom bonds with one chlorine atom, the valency of Na is 1.
একটি সোডিয়াম পরমাণু একটি ক্লোরিন পরমাণুর সাথে যুক্ত হয়, তাই Na-এর যোজনী ১।

28. C The difference between the highest valency of an element and its active valency is considered the latent valency.
কোনো মৌলের সর্বোচ্চ যোজনী এবং সক্রিয় যোজনীর পার্থক্যকে ওই মৌলের সুপ্ত যোজনী বলা হয়।

29. A The number of charges on a radical is its valency. Carbonate carries −2, so its valency is 2. Valency is always a number, without a positive or negative sign.
যৌগমূলকের আধান সংখ্যাই এর যোজনী নির্দেশ করে। কার্বনেটের আধান –২, তাই এর যোজনী ২। যোজনী সর্বদা শুধু সংখ্যা, এতে ধনাত্মক বা ঋণাত্মক চিহ্ন থাকে না।

30. A Hydroxide carries a charge of −1, so its valency is 1.
হাইড্রক্সাইডের আধান –১, তাই এর যোজনী ১।

31. D Radicals may carry a positive or a negative charge. Ammonium (NH_4^+) and phosphonium (PH_4^+) carry +1; the others listed are negative.
যৌগমূলক ধনাত্মক কিংবা ঋণাত্মক আধানবিশিষ্ট হতে পারে। অ্যামোনিয়াম (NH_4^+) ও ফসফোনিয়াম (PH_4^+) ধনাত্মক, আর বাকিগুলো ঋণাত্মক।

32. B The charge may be positive or negative, but valency is always the number only. It does not have a positive or negative sign.
আধান ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে, কিন্তু যোজনী সর্বদা শুধু সংখ্যা। এতে ধনাত্মক বা ঋণাত্মক চিহ্ন থাকে না।

33. A Phosphate carries a charge of −3, so its valency is 3.
ফসফেটের আধান –৩, তাই এর যোজনী ৩।

34. B When the valencies are not divisible by a common number, each symbol is followed by the valency of the other element: Al takes 2 and O takes 3, giving Al_2O_3.
যোজনী দুটি কোনো সাধারণ সংখ্যা দিয়ে বিভাজ্য না হলে প্রতিটি প্রতীকের পরে অন্যটির যোজনী বসে। তাই Al পায় ২ এবং O পায় ৩, সংকেত Al_2O_3।

35. C The formula would be Ca_1Cl_2, and since 1 does not need to be mentioned, we write $CaCl_2$.
সংকেত হওয়ার কথা Ca_1Cl_2, আর ১ উল্লেখ করার প্রয়োজন নেই বলে আমরা লিখি $CaCl_2$।

36. C Both valencies are 2 and divisible by 2, so after dividing, the formula is $FeSO_4$.
উভয় যোজনীই ২ এবং ২ দিয়ে বিভাজ্য, তাই ভাগ করার পর সংকেত দাঁড়ায় $FeSO_4$।

37. B Since 4 and 2 are both divisible by 2, we divide and write the quotients C_1O_2, and since 1 is not mentioned, the formula is CO_2.
৪ ও ২ উভয়ই ২ দিয়ে বিভাজ্য, তাই ভাগ করে ভাগফল C_1O_2 লিখতে হয়। ১ উল্লেখ করার প্রয়োজন নেই বলে সংকেত CO_2।

38. D The formula that uses symbols and the number of atoms of each element in the molecule is the molecular formula. Propane is C_3H_8.
মৌলের পরমাণুর প্রতীক ও সংখ্যা ব্যবহার করে অণুর যে সংকেত লেখা হয়, তাকে আণবিক সংকেত বলে। প্রোপেনের আণবিক সংকেত C_3H_8।

39. D The three carbon atoms bond with each other like a chain and the rest of the valencies get completed with hydrogen, so the valency of each carbon becomes 4.
তিনটি কার্বন পরমাণু শিকলের মতো পরস্পরের সাথে যুক্ত হয় এবং অবশিষ্ট যোজনীগুলো হাইড্রোজেন দিয়ে পূর্ণ হয়, ফলে প্রতিটি কার্বনের যোজনী ৪ হয়।

40. B Each line between carbon and carbon or carbon and hydrogen is a bond. In these examples they are covalent bonds.
কার্বন-কার্বন ও কার্বন-হাইড্রোজেনের মাঝের প্রতিটি রেখা একটি করে বন্ধন। এসব উদাহরণে এগুলো সমযোজী বন্ধন।

41. C The structural formula tells us how many atoms of which element are in a compound and also how they are bonded with each other.
গাঠনিক সংকেত থেকে জানা যায় একটি যৌগে কোন মৌলের কতটি পরমাণু আছে এবং সেই সাথে পরমাণুগুলো পরস্পরের সাথে কীভাবে যুক্ত আছে।

42. A All inert gases other than helium have 8 electrons at their outermost energy level. Elements tend to reach this configuration.
হিলিয়াম ছাড়া সকল নিষ্ক্রিয় গ্যাসের সবচেয়ে বাইরের শক্তিস্তরে ৮টি ইলেকট্রন থাকে। মৌলসমূহ এই বিন্যাস অর্জনের প্রবণতা দেখায়।

43. D Other inert gases have 8 electrons ($ns^2\ np^6$) in their outermost energy level, which gives the highest level of stability.
অন্যান্য নিষ্ক্রিয় গ্যাসের সবচেয়ে বাইরের শক্তিস্তরে ৮টি ইলেকট্রন ($ns^2\ np^6$) থাকে, যা সর্বোচ্চ সুস্থিতি দেয়।

44. A The carbon atom at the centre of CH_4 has 4 pairs, that is 8 electrons, at its outermost energy level, which satisfies the octet rule.
CH_4-এর কেন্দ্রীয় কার্বন পরমাণুর সবচেয়ে বাইরের শক্তিস্তরে ৪ জোড়া অর্থাৎ ৮টি ইলেকট্রন থাকে, যা অষ্টক নিয়ম পূরণ করে।

45. B Elements 1 to 20 in the periodic table basically follow the rules of octet and duet.
পর্যায় সারণির ১ থেকে ২০ পর্যন্ত মৌলসমূহ মূলত অষ্টক ও দুই-এর নিয়ম ভালোভাবে অনুসরণ করে।

46. C Helium has 2 electrons in its outermost energy level, and since it required this number of electrons to fulfil that level, its configuration is stable.
হিলিয়ামের সবচেয়ে বাইরের শক্তিস্তরে ২টি ইলেকট্রন আছে এবং এই শক্তিস্তর পূর্ণ হতে ততটি ইলেকট্রনই প্রয়োজন, তাই হিলিয়ামের ইলেকট্রন বিন্যাস সুস্থিত।

47. B Their stability drives them not to donate any electron to other elements, nor to receive electrons. Chemically they lack affinity, or become inert.
সুস্থিতির কারণেই এরা অন্য মৌলকে ইলেকট্রন দান করে না, অন্য মৌল থেকে ইলেকট্রন গ্রহণও করে না। রাসায়নিকভাবে এদের আসক্তি নেই, অর্থাৎ এরা নিষ্ক্রিয়।

48. C No other element has this fulfilled electronic configuration at its outermost energy level, so they are not stable. To attain stability they tend to fulfil the duet or octet rules.
অন্য কোনো মৌলের সবচেয়ে বাইরের শক্তিস্তরে এরূপ পূর্ণ ইলেকট্রন বিন্যাস নেই, তাই এরা সুস্থিত নয়। সুস্থিতি পেতে এরা দুই বা অষ্টক নিয়ম পূরণের প্রবণতা দেখায়।

49. D The main reason for chemical bonds is the tendency of the atoms to assume the stability of the electronic configuration at their outermost energy level.
রাসায়নিক বন্ধন গঠনের মূল কারণ হলো পরমাণুগুলোর সর্বশেষ শক্তিস্তরে নিষ্ক্রিয় গ্যাসের স্থিতিশীল ইলেকট্রন বিন্যাস লাভের প্রবণতা।

50. D Usually the elements or metals at the left side of the periodic table donate one or more electrons from their outermost energy level to gain the configuration of inert gases and become cations.
সাধারণত পর্যায় সারণির বামের মৌল বা ধাতুগুলো তাদের সর্বশেষ শক্তিস্তরের এক বা একাধিক ইলেকট্রন ত্যাগ করে নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস লাভের মাধ্যমে ক্যাটায়নের সৃষ্টি করে।

51. B In a hydrogen molecule a kind of attractive force is effective among the two H atoms. This attraction, which forces the atoms to stay together, is called a chemical bond.
হাইড্রোজেন অণুতে দুটি H পরমাণুর মধ্যে এক ধরনের আকর্ষণ বল কাজ করে। পরমাণুগুলোকে একসাথে থাকতে বাধ্য করা এই আকর্ষণ বলকেই রাসায়নিক বন্ধন বলে।

52. C Under normal situations, the number of positively charged protons in the nucleus equals the number of negatively charged electrons outside it, so the atom becomes charge neutral.
সাধারণ অবস্থায় পরমাণুর নিউক্লিয়াসে ধনাত্মক আধানবিশিষ্ট প্রোটন সংখ্যা এবং নিউক্লিয়াসের বাইরে ঋণাত্মক আধানবিশিষ্ট ইলেকট্রন সংখ্যা সমান থাকে, ফলে পরমাণু আধান নিরপেক্ষ হয়।

53. D Non-metals are located at the right side of the periodic table and usually have 5, 6 or 7 electrons in their outermost energy level.
অধাতুগুলো পর্যায় সারণির ডানদিকে অবস্থিত এবং এদের সবচেয়ে বাইরের শক্তিস্তরে সাধারণত ৫, ৬ বা ৭টি ইলেকট্রন থাকে।

54. D The Na atom donates an electron from its outermost energy level in order to get the configuration like neon gas and produces the sodium cation, Na^+.
Na পরমাণু নিয়ন গ্যাসের মতো ইলেকট্রন বিন্যাস পাওয়ার জন্য সর্বশেষ শক্তিস্তর থেকে একটি ইলেকট্রন ত্যাগ করে এবং সোডিয়াম ক্যাটায়ন Na^+ গঠন করে।

55. C The outermost energy level of metals usually contains 1, 2 or 3 electrons, which they donate to become cations.
ধাতুর সবচেয়ে বাইরের শক্তিস্তরে সাধারণত ১টি, ২টি কিংবা ৩টি ইলেকট্রন থাকে, যা ত্যাগ করে এরা ক্যাটায়নে পরিণত হয়।

56. C Since their outermost energy level usually lacks 1, 2 or 3 electrons to become an octet, they easily accept them from other elements and assume the stable configuration of the nearest inert gas. In other words, their electron affinity is high.
অধাতুর সর্বশেষ শক্তিস্তরে অষ্টক পূরণের জন্য সাধারণত ১, ২ বা ৩টি ইলেকট্রন কম থাকে, তাই এরা সহজেই অন্য মৌল থেকে ইলেকট্রন গ্রহণ করে নিকটতম নিষ্ক্রিয় গ্যাসের সুস্থিত বিন্যাস লাভ করে। অর্থাৎ এদের ইলেকট্রন আসক্তি বেশি।

57. C When there is chemical bonding between a metal atom and a non-metal atom, the metal transfers one or more electrons from its outermost energy level to that of the non-metal atom, creating positive and negative ions.
একটি ধাতব ও একটি অধাতব পরমাণুর রাসায়নিক সংযোগের সময় ধাতু তার সর্বশেষ শক্তিস্তরের এক বা একাধিক ইলেকট্রন অধাতব পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে স্থানান্তর করে, ফলে ধনাত্মক ও ঋণাত্মক আয়ন সৃষ্টি হয়।

58. B The positively charged Na^+ and the negatively charged Cl^- are attracted towards each other in a bond of electrostatic force. This attraction force is the ionic bond.
ধনাত্মক আধানবিশিষ্ট Na^+ ও ঋণাত্মক আধানবিশিষ্ট Cl^- পরস্পরের দিকে স্থির বৈদ্যুতিক আকর্ষণ বলে আকৃষ্ট হয়। এই আকর্ষণ বলই আয়নিক বন্ধন।

59. A In the MgO molecule, Mg donates 2 electrons to get the electronic configuration of Ne and becomes Mg^{2+} with 8 electrons at its outermost energy level.
MgO অণুতে Mg নিয়নের ইলেকট্রন বিন্যাস পেতে ২টি ইলেকট্রন ত্যাগ করে এবং সর্বশেষ শক্তিস্তরে ৮টি ইলেকট্রনসহ Mg^{2+} আয়নে পরিণত হয়।

60. D As ionic bonding takes place through electrostatic force, it is very strong.
আয়নিক বন্ধন স্থির বৈদ্যুতিক আকর্ষণ বলের মাধ্যমে গঠিত হয় বলে এটি খুব শক্তিশালী।

61. D In the CaO molecule the Ca atom donates two electrons to get the configuration of an inert gas and becomes Ca^{2+} with 8 electrons at its outermost energy level.
CaO অণুতে Ca পরমাণু নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস পেতে দুটি ইলেকট্রন ত্যাগ করে এবং সর্বশেষ শক্তিস্তরে ৮টি ইলেকট্রনসহ Ca^{2+} আয়নে পরিণত হয়।

62. B The metals of groups 1 and 2 and the non-metals of groups 16 and 17 usually commit themselves to ionic bonding.
পর্যায় সারণির গ্রুপ ১ ও ২-এর ধাতু এবং গ্রুপ ১৬ ও ১৭-এর অধাতুগুলো সাধারণত আয়নিক বন্ধন গঠনে অংশ নেয়।

63. C Each rule has some exceptions. Although Al of group 13 is not a metal of group 1 or 2, it commits itself to ionic bonding.
প্রতিটি নিয়মেরই কিছু ব্যতিক্রম থাকে। গ্রুপ ১৩-এর Al গ্রুপ ১ বা ২-এর ধাতু না হয়েও আয়নিক বন্ধন গঠনে অংশ নেয়।

64. A The H atom accepts the electron donated by Na to get the configuration of an inert gas and becomes H^- with 2 electrons at its outermost energy level.
H পরমাণু Na থেকে ত্যাগ করা ইলেকট্রনটি গ্রহণ করে নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস পায় এবং সর্বশেষ শক্তিস্তরে ২টি ইলেকট্রনসহ H^- আয়নে পরিণত হয়।

65. B One electron from the outermost energy level of each atom comes together as a pair, and the pair positions itself in between the two nuclei of the two atoms. This is known as electron sharing.
প্রতিটি পরমাণুর সর্বশেষ শক্তিস্তরের একটি করে ইলেকট্রন মিলে এক জোড়া তৈরি করে এবং এই ইলেকট্রন জোড় দুটি পরমাণুর নিউক্লিয়াসদ্বয়ের মাঝখানে অবস্থান করে। একে ইলেকট্রনের শেয়ারিং বা ভাগাভাগি বলে।

66. C In the chemical bonding of two non-metal atoms, the atoms create a pair of electrons by sharing one each from their outermost energy level. This bond is a covalent bond.
দুটি অধাতব পরমাণুর রাসায়নিক সংযোগের সময় পরমাণু দুটি নিজেদের সর্বশেষ শক্তিস্তর থেকে একটি করে ইলেকট্রন নিয়ে এক জোড়া ইলেকট্রন তৈরি করে। এ ধরনের বন্ধনকে সমযোজী বন্ধন বলে।

67. A Each oxygen atom shares two electrons, creating two pairs, so there is an O=O bond and the number of covalent bonds is two.
প্রতিটি অক্সিজেন পরমাণু দুটি করে ইলেকট্রন শেয়ার করে, ফলে দুই জোড়া ইলেকট্রন তৈরি হয় এবং O=O বন্ধন গঠিত হয়। এখানে সমযোজী বন্ধনের সংখ্যা দুটি।

68. B Each oxygen atom shares two electrons, creating two pairs of shared electrons, so the two oxygen atoms are joined by two covalent bonds (a double bond).
প্রতিটি অক্সিজেন পরমাণু দুটি করে ইলেকট্রন শেয়ার করে। ফলে দুই জোড়া ইলেকট্রন শেয়ার হয় এবং পরমাণু দুটি দুটি সমযোজী বন্ধনে (দ্বিবন্ধনে) যুক্ত থাকে।

69. C Many covalent molecules (CO_2, NH_3, O_2, Cl_2) remain gaseous at normal temperature and pressure, while some such as H_2O and C_2H_5OH remain liquid and others are solid.
অনেক সমযোজী অণু (CO_2, NH_3, O_2, Cl_2) স্বাভাবিক তাপমাত্রা ও চাপে গ্যাসীয় অবস্থায় থাকে, কিছু (H_2O, C_2H_5OH) তরল অবস্থায় এবং কিছু কঠিন অবস্থায় থাকে।

70. A In water's molecule the O atom shares one of its electrons with one electron of each H atom, so two O-H covalent bonds are created.
পানির অণুতে O পরমাণু তার সর্বশেষ শক্তিস্তরের একটি করে ইলেকট্রন প্রতিটি H পরমাণুর একটি ইলেকট্রনের সাথে শেয়ার করে, ফলে দুটি O-H সমযোজী বন্ধন সৃষ্টি হয়।

71. B When two covalent molecules come close, a weak attraction force remains effective among them. This force is called Van der Waals attraction force.
দুটি সমযোজী অণু যখন খুবই নিকটবর্তী হয় তখন তাদের মধ্যে এক ধরনের দুর্বল আকর্ষণ বল কাজ করে। এই আকর্ষণ বলকেই ভ্যান্ডারওয়ালস আকর্ষণ বল বলে।

72. D The covalent molecules remain attached by the weak Van der Waals attraction force, so it is easy to separate them with a bit of force, and their melting and boiling points are low.
সমযোজী অণুগুলো দুর্বল ভ্যান্ডারওয়ালস আকর্ষণে পরস্পরের সাথে যুক্ত থাকে, তাই সামান্য বল প্রয়োগেই এদের আলাদা করা যায় এবং এদের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক কম হয়।

73. B The melting and boiling points of ionic compounds are higher than those of covalent compounds, because their positive and negative charges are tightly connected in a crystal.
আয়নিক যৌগের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সমযোজী যৌগের চেয়ে বেশি, কারণ আয়নিক যৌগে ধনাত্মক ও ঋণাত্মক আধান কেলাসে শক্তভাবে আবদ্ধ থাকে।

74. C Apart from a few exceptions, such as silver chloride, ionic compounds are soluble in water.
সিলভার ক্লোরাইডের মতো কয়েকটি ব্যতিক্রম বাদে আয়নিক যৌগগুলো পানিতে দ্রবণীয়।

75. A NaCl dissolves because it is ionic and methanol because it is polar. Since methane is neither an ionic nor a polar compound, it does not dissolve in water.
NaCl আয়নিক যৌগ এবং মিথানল পোলার যৌগ বলে পানিতে দ্রবীভূত হয়। মিথেন আয়নিক যৌগও নয়, পোলার যৌগও নয়, তাই এটি পানিতে দ্রবীভূত হয় না।

76. C This kind of charged covalent compound is called a polar covalent compound, and water is a polar solvent.
এরকম ধনাত্মক ও ঋণাত্মক আধানপ্রাপ্ত সমযোজী যৌগকে পোলার সমযোজী যৌগ বলে, আর দ্রাবক হিসেবে পানি একটি পোলার দ্রাবক।

77. D Naphthalene, mustard oil and kerosene are not soluble in water. There are a few exceptions like sugar and glucose, but most covalent compounds are insoluble.
ন্যাপথালিন, সরিষার তেল, কেরোসিন ইত্যাদি পানিতে দ্রবীভূত হয় না। চিনি ও গ্লুকোজের মতো কয়েকটি ব্যতিক্রম থাকলেও অধিকাংশ সমযোজী যৌগ পানিতে অদ্রবণীয়।

78. A The bulb in the salt water solution lights up while the one in the sugar water does not, showing that the salt solution conducts electricity and the sugar solution does not.
লবণের জলীয় দ্রবণের বাল্ব জ্বলে ওঠে কিন্তু চিনির জলীয় দ্রবণের বাল্ব জ্বলে না। এতে বোঝা যায় লবণের দ্রবণ বিদ্যুৎ পরিবহন করে, চিনির দ্রবণ করে না।

79. B There are some covalent compounds that have partially positive and partially negative ends, that is, they exhibit polarity. For example ethanol (C_2H_5OH) is polar and dissolves in water.
কিছু সমযোজী যৌগে আংশিক ধনাত্মক ও আংশিক ঋণাত্মক প্রান্ত থাকে, অর্থাৎ এরা পোলারিটি প্রদর্শন করে। যেমন ইথানল (C_2H_5OH) একটি পোলার যৌগ এবং এটি পানিতে দ্রবীভূত হয়।

80. B Usually all ionic compounds remain as crystals. Some covalent compounds such as sugar can form crystals, but most covalent compounds are not available in crystal form.
সাধারণত সকল আয়নিক যৌগ কেলাস আকারে থাকে। চিনির মতো কিছু সমযোজী যৌগ কেলাস গঠন করলেও অধিকাংশ সমযোজী যৌগ কেলাস আকারে পাওয়া যায় না।

81. D $CaCl_2$ solution contains Ca^{2+} and Cl^- and HCl solution contains H^+ and Cl^-, so they conduct electricity. Glucose ($C_6H_{12}O_6$) does not carry any separated ion, so it does not conduct.
$CaCl_2$ দ্রবণে Ca^{2+} ও Cl^- এবং HCl দ্রবণে H^+ ও Cl^- থাকায় এরা বিদ্যুৎ পরিবহন করে। গ্লুকোজ ($C_6H_{12}O_6$) দ্রবণে কোনো বিচ্ছিন্ন আয়ন থাকে না, তাই এটি বিদ্যুৎ পরিবহন করে না।

82. B These electrons do not belong to any particular atom. Instead they are shared by all the metal ions in the entire metallic structure, like ions in a sea of electrons.
এই ইলেকট্রনগুলো কোনো নির্দিষ্ট পরমাণুর অধীন নয়। বরং পুরো ধাতব কাঠামোর সব ধাতব আয়ন এদের ভাগ করে নেয়, যেন ইলেকট্রনের সমুদ্রে আয়নগুলো সাজানো থাকে।

83. A In the metal lattice, the donated electrons come out of the orbit and move freely at the centre of the atomic cores. Such electrons are called delocalized electrons.
ধাতব স্ফটিকে ত্যাগকৃত ইলেকট্রনগুলো কক্ষপথ ছেড়ে পারমাণবিক শাঁসের মধ্যবর্তী স্থানে মুক্তভাবে ঘোরাফেরা করে। এই ধরনের ইলেকট্রনকে সঞ্চরণশীল ইলেকট্রন (Delocalized Electron) বলে।

84. D Metal atoms donate one or more electrons from their outermost energy level and turn into positive ions. This positive ion is called the atomic core, and these cores are organized in a three dimensional metallic crystal lattice.
ধাতব পরমাণু সর্বশেষ শক্তিস্তর থেকে এক বা একাধিক ইলেকট্রন ত্যাগ করে ধনাত্মক আয়নে পরিণত হয়। এই ধনাত্মক আয়নকে পারমাণবিক শাঁস (atomic core) বলা হয় এবং ধাতব স্ফটিকে এগুলো ত্রিমাত্রিকভাবে বিন্যস্ত থাকে।

85. C All metals are good conductors of electricity. The delocalized electrons in the metal lattice are the carriers of electricity in them.
সকল ধাতুই বিদ্যুতের সুপরিবাহী। ধাতব ল্যাটিসের সঞ্চরণশীল ইলেকট্রনগুলোই এদের মধ্যে বিদ্যুৎ বহন করে।

86. A Latent valency = highest valency − active valency = 3 − 2 = 1.
সুপ্ত যোজনী = সর্বোচ্চ যোজনী – সক্রিয় যোজনী = ৩ – ২ = ১।

87. D In $FeCl_3$ the active valency of Fe is 3 and the highest valency of Fe is also 3, so in this case iron has no latent valency.
$FeCl_3$ যৌগে Fe-এর সক্রিয় যোজনী ৩ এবং Fe-এর সর্বোচ্চ যোজনীও ৩, অতএব এক্ষেত্রে Fe-এর সুপ্ত যোজনী ৩ – ৩ = ০, অর্থাৎ সুপ্ত যোজনী নেই।

88. B Aluminium has valency 3 and sulfate 2. Each takes the other's valency, and the radical goes inside brackets: $Al_2(SO_4)_3$.
অ্যালুমিনিয়ামের যোজনী ৩ ও সালফেটের ২। প্রত্যেকে অন্যটির যোজনী নেয় এবং যৌগমূলক বন্ধনীর ভেতরে বসে: $Al_2(SO_4)_3$।

89. D Ammonium has valency 1 and phosphate 3. When a radical is present more than once, its formula goes inside brackets with its number: $(NH_4)_3PO_4$.
অ্যামোনিয়ামের যোজনী ১ এবং ফসফেটের ৩। যৌগমূলক একাধিকবার থাকলে তার সংকেত সংখ্যাসহ প্রথম বন্ধনীর ভেতরে লেখা হয়: $(NH_4)_3PO_4$।

90. D Each takes the other's valency, so Mg takes 3 and phosphate takes 2. When a radical appears more than once, its formula goes inside brackets: $Mg_3(PO_4)_2$.
প্রত্যেকে অন্যটির যোজনী নেয়, তাই Mg পায় ৩ এবং ফসফেট পায় ২। যৌগমূলক একাধিকবার থাকলে তার সংকেত প্রথম বন্ধনীর ভেতরে লেখা হয়: $Mg_3(PO_4)_2$।

91. C Both valencies are divisible by 3, so B_3N_3 becomes B_1N_1 = BN.
উভয় যোজনীই ৩ দিয়ে বিভাজ্য, তাই B_3N_3 হয়ে দাঁড়ায় B_1N_1 = BN।

92. B Due to the bigger size of metal atoms, the outermost electrons are comparatively far from the nucleus, so the attraction is weaker and the ionization energy is far lower. A little force makes them donate electrons.
ধাতব পরমাণুর আকার বড় হওয়ায় সর্বশেষ শক্তিস্তরের ইলেকট্রন নিউক্লিয়াস থেকে তুলনামূলক দূরে থাকে, ফলে আকর্ষণ দুর্বল এবং আয়নিকরণ শক্তি অনেক কম। সামান্য বল প্রয়োগেই এরা ইলেকট্রন ত্যাগ করে।

93. B Being smaller than metals, the outermost level of non-metals stays closer to the nucleus and undergoes a stronger attractive force, so their ionization energy is higher. Removing electrons needs a stronger force than a normal chemical reaction provides.
ধাতুর তুলনায় আকারে ছোট হওয়ায় অধাতুর সর্বশেষ শক্তিস্তর নিউক্লিয়াসের কাছাকাছি থাকে এবং বেশি আকর্ষণ বল অনুভব করে, ফলে আয়নিকরণ শক্তি বেশি। সাধারণ রাসায়নিক বিক্রিয়ায় এত বল পাওয়া যায় না।

---

94. A An O atom can accept 2 electrons in an ionic bond or share 2 electrons in a covalent bond. A Na atom is capable only of donating electrons in an ionic bond and never shares electrons.
O পরমাণু আয়নিক বন্ধনে ২টি ইলেকট্রন গ্রহণ করতে পারে, আবার সমযোজী বন্ধনে ২টি ইলেকট্রন শেয়ারও করতে পারে। অন্যদিকে Na পরমাণু শুধু আয়নিক বন্ধনে ইলেকট্রন দান করতে পারে, কখনো ইলেকট্রন শেয়ার করে না।

---

95. D In the H_2O molecule, two pairs or 4 electrons of the O atom do not participate in any bonding, though they can form bonds if required.
H_2O অণুতে O পরমাণুর দুই জোড়া বা ৪টি ইলেকট্রন কোনো বন্ধনে অংশগ্রহণ করে না, যদিও প্রয়োজনে এরাও বন্ধন গঠন করতে পারে।

---

96. A Many positive and negative charges are organized in a three dimensional way to create a crystal. This results in a higher inter-atomic force, which makes them tough to separate, so they need more heat energy.
আয়নিক যৌগে অসংখ্য ধনাত্মক ও ঋণাত্মক আধান ত্রিমাত্রিকভাবে সাজানো থেকে কেলাস গঠন করে। এতে এদের মধ্যকার আন্তঃপারমাণবিক আকর্ষণ বল অনেক বেশি হয় এবং এদের আলাদা করা কঠিন হয়, তাই গলাতে বা ফোটাতে বেশি তাপশক্তি লাগে।

---

97. A Since oxygen is more electronegative than hydrogen, the two electrons of the covalent bond move towards oxygen. Oxygen becomes partially negative and hydrogen partially positive, which makes water a polar covalent compound.
অক্সিজেন হাইড্রোজেনের চেয়ে বেশি তড়িৎ ঋণাত্মক হওয়ায় সমযোজী বন্ধনের ইলেকট্রন দুটি অক্সিজেনের দিকে কিছুটা সরে যায়। ফলে অক্সিজেন আংশিক ঋণাত্মক ও হাইড্রোজেন আংশিক ধনাত্মক আধান পায়, আর পানি হয় পোলার সমযোজী যৌগ।

---

98. D The positively charged end of water attracts the anion of the compound and the negative end attracts the cation. When this attraction becomes greater than that between the cation and anion, they separate and become surrounded by water molecules.
পানির অণুর ধনাত্মক প্রান্ত যৌগের ঋণাত্মক অংশকে এবং ঋণাত্মক প্রান্ত ধনাত্মক অংশকে আকর্ষণ করে। এই আকর্ষণ বল যৌগের ক্যাটায়ন ও অ্যানায়নের মধ্যকার আকর্ষণের চেয়ে বেশি হলে এরা আলাদা হয়ে পানির অণু দ্বারা পরিবেষ্টিত হয়।

99. A When a delocalized electron is situated amidst two metallic ions, both ions are attracted towards the electron with an electrostatic force. This causes the two ions to remain connected, which is the basic reason for a metallic bond.
দুটি ধাতব আয়নের মাঝখানে একটি সঞ্চরণশীল ইলেকট্রন থাকলে উভয় আয়নই স্থির বৈদ্যুতিক বলে ইলেকট্রনটির দিকে আকৃষ্ট হয়। এতে আয়ন দুটি পরস্পরের সাথে যুক্ত থাকে, এটিই ধাতব বন্ধনের মূল কারণ।

100. D When heat is applied, the delocalized electrons receive energy and increase their velocity. They rush from the heated end towards the comparatively cooler end, and thus heat is conducted.
তাপ প্রয়োগ করলে সঞ্চরণশীল ইলেকট্রনগুলো শক্তি পেয়ে গতিবেগ বাড়ায় এবং উত্তপ্ত প্রান্ত থেকে তুলনামূলক শীতল প্রান্তের দিকে ছুটে যায়। এভাবেই ধাতুতে তাপ পরিবাহিত হয়।